দৈনিক ইত্তেফাক

তারিখ 10 SEP 1989
পৃষ্ঠা ১ কলাম ৪

19

# দেশের প্রতিটি অঞ্চলে পথকলি স্কুল খোলা হইবে

রওশন এরশাদ

বাসস জানায়, ফার্স্ট লেডী বেগম রওশন এরশাদ দুঃস্থ শিশুদের একটি শক্তিশালী কর্মীবাহিনী হিসাবে গঠন এবং জাতি গঠন কার্যক্রমে তাহাদের ব্যবহার করিতে

## রওশন এরশাদ

(১ম পৃঃ পর)

ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানাইয়াছেন। গতকাল (শনিবার) তিনি পথকলি ট্রাষ্টের সদর দফতর উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বক্তৃতা করেন। ধোলাইখাল ওয়ার্কশপের শ্রমিক ও পথকলি স্কুল ১-এর দ্বিতীয় শ্রেণীর ছাত্র মোহাম্মদ বিল্লাল মানপত্র পাঠ করে। অপর ছাত্র জহুরুল ইসলাম পবিত্র কোরান তেলোয়াত করে। বেগম রওশন এরশাদ বলেন, পল্লীর শিশুরা যাহাতে এই সুযোগ পাইতে পারে, সেজন্য দেশের প্রতিটি অঞ্চলে পথকলি স্কুল খোলা হইবে। তিনি এই উদ্দেশ্যে মুক্তহস্তে দান করার জন্য সমাজের সচ্ছল ব্যক্তিদের প্রতি আহ্বান জানান। তিনি সোনালী ব্যাংক, খাদ্যমন্ত্রণালয়, ৭টি শিক্ষা বোর্ড ও ঠিকাদার সমিতির নিকট হইতে অনুদান গ্রহণ করেন।

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমেদ, মন্ত্রীপরিষদের সদস্যগণ এবং উর্ধ্বতন সরকারী কর্মকর্তাগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।